

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১১-আইন/২০১৫/৮৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ আইন ২০১০ (২০১০ সনের ৪২ নম্বর আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর অধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিটের আমদানি ও রপ্তানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা : -

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।-** (১) এই বিধিমালা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে প্রতিষ্ঠিত প্রতিটি অর্থনৈতিক অঞ্চল একটি ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিট উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সময় প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বড় ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প ইউনিট কর্তৃক উৎপাদিত পণ্য অর্থনৈতিক অঞ্চল এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় শুল্ক-কর আরোপিত হইবে :

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমূল্যী শিল্প ইউনিট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য দেশে অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিরুর রহমান)  
সচিব।